

আল-মুয়াম্মিল | Al-Muzzammil | المُزَمِّل

আয়াত: ৭৩ : ৭

আরবি মূল আয়াত:

إِنَّ لَكَ فِي النَّهَارِ سَبَّاحًا طَوِيلًا ﴿٧﴾

অনুবাদসমূহ:

নিশ্চয় তোমার জন্য দিনের বেলায় রয়েছে দীর্ঘ কর্মব্যস্ততা। — আল-বায়ান

দিনের বেলায় তোমার জন্য আছে দীর্ঘ কর্মব্যস্ততা। — তাইসিরুল

দিনে তোমার জন্য রয়েছে দীর্ঘ কর্মব্যস্ততা। — মুজিবুর রহমান

Indeed, for you by day is prolonged occupation. — Sahih International

৭. নিশ্চয় দিনের বেলায় আপনার জন্য রয়েছে দীর্ঘ কর্মব্যস্ততা। (১)

(১) سَبَّاحًا شব্দের অর্থ প্রবাহিত হওয়া ও ঘোরাফেরা করা। এ কারণেই সাঁতার কাটাকে سَبَّاحَة বলা হয়। এখানে এর অর্থ দিনমানের কর্মব্যস্ততা ও জীবিকার জন্য ঘোরাঘুরির কারণে অন্তরের ব্যস্ততা। দিনের কর্মব্যস্ততার কারণে একাগ্রচিত্তে ইবাদতে মনোনিবেশ করা কঠিন হয়ে পড়ে। [দেখুন: করতুবী; সাদী]

তাফসীরে জাকারিয়া

(৭) দিবাভাগে তোমার জন্য রয়েছে দীর্ঘ কর্মব্যস্ততা। [১]

[১] سَبَّاحًا এর অর্থ হলُّ الْجَرِيُّ وَالدُّوَرَانُ (চলা ও ঘোরা-ফেরা করা)। অর্থাৎ, দিনের বেলায় বহু কর্মব্যস্ততা থাকে। এটা প্রথমোক্ত কথারই তাকীদ। অর্থাৎ, রাতের নামায এবং তেলাঅত বেশী উপকারী ও প্রভাবশালী।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=5482>

hadithbd.com